



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com



পত্র নং- গাগা/প্রকা/প্রচার/ ২০২৩-১১৯২ (৫)

তারিখ : ২৬/০৮/২০২৩

প্রেস রিলিজ

২৪ হতে ২৬ আগস্ট, ২০২৩ পর্যন্ত ৩ দিন ব্যাপী বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যালয়ের উদ্যোগে গাইড হাউজ, বেইলী রোড, ঢাকায় (১০ তলা ভবনের ২য় তলায়) কমিশনার্স প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার ও প্রশিক্ষণ কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।

প্রশিক্ষণের মূল উদ্দেশ্য হলো গার্ল গাইডিং -এর পরিচিতি, গাইডের ইতিহাস, গার্ল গাইডস্ এসোসিয়েশন এর প্রশাসনিক কাঠামো (গঠন ও বিধি), পরিষদ, পরিপত্র, প্রজ্ঞাপন বাস্তবায়ন, লিডারশীপ তৈরী করা ইত্যাদি বিষয়াদি ও গাইড আন্দোলনকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়া এবং ২০৪১ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর লক্ষ্যকে বাস্তবায়ন করা।

কর্মসূচিতে প্রশিক্ষণ প্রদান করেন, কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার ও প্রশিক্ষণ কমিশনার, সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, সাহেদা হোসেন চৌধুরী, প্রাক্তন প্রশিক্ষণ কমিশনার। এছাড়াও গাইডিং সহায়ক কার্যক্রম যেমন, ব্যাজ, দল খোলার পদ্ধতি, ও হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের কার্যবলী সম্পর্কে বিশেষ ধারণা প্রদান করেন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় ও অঞ্চলের দক্ষ প্রশিক্ষকবৃন্দ।

প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের দীক্ষাদান করেন, জাতীয় কমিশনার ও প্রশিক্ষণ কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। প্রশিক্ষণের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জনাব জুয়েনা আজিজ, উপদেষ্টা, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও সিনিয়র সচিব (অবঃ), মাননীয় প্রধানমন্ত্রীর প্রাক্তন মূখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক)। তিনি এরকম **Learning by Doing** ধারার প্রশিক্ষণ কার্যক্রমের প্রসংসা করেন এবং সামনে গার্ল গাইডের অগ্রগতির জন্য গাইড সদস্যরা কাজ চালিয়ে যাবে বলে আশা ব্যবক্ত করেন। পরে অংশগ্রহণকারীদের মাঝে তিনি সনদ বিতরণ করেন। ট্যাপস্ এর মধ্য দিয়ে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়। নব নির্বাচিত জাতীয় কার্যনির্বাহী কমিটির ১৪ জন সদস্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

১ম দিন





২য় দিন





৩য় দিন







সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা